গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজের কার্যালয়, রংপুর।

অফিস আদেশ

নং- ৩৫ /২০২৫ তারিখঃ-০৯/০৩/২০২৫ খ্রিঃ।

রংপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর ক্যাশিয়ার এর ০১টি শূণ্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির সুপারিশ অনুযায়ী নিম্নলিখিত কর্মচারীকে জাতীয় বেতন স্কেল/২০১৫-এর ১৬তম গ্রেডে ৯৩০০-২২,৪৯০/- টাকার স্কেলে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ক্যাশিয়ার পদে পদোন্নতি প্রদান পূর্বক তাহার নামের পার্শ্বে বর্ণিত আদালতে পদায়ন করা হইল।

| ক্রমিক নং | কর্মচারীর নাম পদবী ও বর্তমান কর্মস্থল | পদোন্নতি প্রাপ্ত পদের নাম ও কর্মস্থল |
|---|---|---|
| ১। | মোঃ আবু সাঈদ<br>ক্যাশ সরকার<br>চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রংপুর। | ক্যাশিয়ার<br>চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রংপুর। |

**শর্তাবলীঃ**

১। পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীকে আগামী ১০/০৩/২০২৫খ্রিঃ তারিখ তাহার নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হইল।

২। নিয়োগ বিধি অনুযায়ী পদোন্নতি প্রাপ্ত পদে যোগদানের তারিখ হইতে ০১ (এক) বৎসরের জন্য তিনি শিক্ষানবিস স্তরে থাকিবেন। শিক্ষানবিসকালে তাহার আচার আচরণ ও কর্মদক্ষতা সন্তোষজনক প্রতীয়মান হইলে তাহাকে স্ব-পদে স্থায়ী করা হইবে। তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক না হইলে কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা না থাকিলে নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত মেয়াদের পূর্বে যে কোন সময় কারণ দর্শানো ব্যতিরেকে তাহার পদোন্নতির আদেশ বাতিল পূর্বক পূর্ব পদে প্রত্যাবর্তন করিতে পারিবেন।

৩। পদোন্নতিপ্রাপ্ত কর্মচারী যথাসময়ে পদোন্নতি প্রাপ্ত পদে যোগদান না করিলে এই পদোন্নতি আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে।

৪। পদোন্নতিপ্রাপ্ত কর্মচারীকে আগামী ০৬(ছয়) মাসের মধ্যে কম্পিউটার পরিচালনায় দক্ষ হইতে হইবে।

৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের হিসাবরক্ষক-কে এই মর্মে বেতন নির্ধারণ করতঃ সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী খতিয়ান বহিতে প্রয়োজনীয় নোট লিপিবদ্ধ করার জন্য নির্দেশ দেওয়া গেল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(ফজলে খোদা মোঃ নাজির)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।

স্মারক নং-জেঃজঃরং- ৮২ (০৮)/২০২৫ তারিখঃ-০৯/০৩/২০২৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

১। বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর।
২। বিজ্ঞ বিচারক (যুগ্ম জেলা ও দায়রা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল ও চেয়ারম্যান, জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
৩। বিজ্ঞ ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট, হিসাব বিভাগ, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রংপুর।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৫। জনাব মোঃ আবু সাঈদ, ক্যাশ সরকার, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, রংপুর।
৬। আদেশ বহি/অফিস ফাইল।

(ফজলে খোদা মোঃ নাজির)
সিনিয়র জেলা ও দায়রা জজ
রংপুর।